# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৬৮

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ কাউকে কোন দুঃখ-কষ্ট পেয়ে বসলে, তা দূর করে তা খুশিতে পরিণত করে দেওয়ার জন্য আল্লাহর কাছে দুআ করার জন্য নির্দেশ

## ذِكْرُ الْأَمْرِ لِمَنْ أَصَابَهُ حُزْنٌ أَنْ يَسْأَلَ اللَّهَ ذَهَابَهُ عَنْهُ وَإِبْدَالَهُ إِيَّاهُ فَرَحًا

আরবী

968 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: أَخْبَرَنَا فُضَيْلُ بْنُ مَرْزُوقٍ قَالَ: حَدَّثَنَا أَبُو سَلَمَةَ الْجُهَنِيُّ عَنِ الْقَاسِمِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِيهِ عَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا قَالَ عَبْدٌ قَطُّ إِذَا أَصَابَهُ هَمٌّ أَوْ حُزْنٌ: اللَّهُمَّ إِنِّي عَبْدُكَ ابْنُ عَبْدِكَ ابْنُ أَمَتِكَ نَاصِيَتِي بِيَدِكَ مَاضٍ فِيَّ حُكْمُكَ عَدْلٌ فِيَّ قَضَاؤُكَ أَسْأَلُكَ بِكُلِّ اسْمٍ هُوَ لَكَ سَمَّيْتَ بِهِ نَفْسَكَ أَوْ أَنْزَلْتَهُ فِي كِتَابِكَ أَوْ عَلَّمْتَهُ أَحَدًا مِنْ خَلْقِكَ أَوِ اسْتَأْثَرْتَ بِهِ فِي عِلْمِ الْغَيْبِ عِنْدَكَ أَنْ تَجْعَلَ الْقُرْآنَ رَبِيعَ قَلْبِي وَنُورَ بَصَرِي وَجِلَاءَ حُزْنِي وَذَهَابَ هَمِّي إِلَّا أَذْهَبَ اللَّهُ هَمَّهُ وَأَبْدَلَهُ مَكَانَ حُزْنِهِ فَرَحًا) قَالُوا: يَا رَسُولَ اللَّهِ يَنْبَغِي لَنَا أَنْ نَتَعَلَّمَ هَذِهِ الْكَلِمَاتِ؟ قَالَ: (أَجَلْ يَنْبَغِي لِمَنْ سَمِعَهُنَّ أَنْ يتعلمهن)

الراوي : ابْنِ مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 968 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

৯৬৮. ইবনু মাস'ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "কোন বান্দাকে যদি কোন দুঃখ-কষ্ট বা দুশ্চিন্তা পেয়ে বসে, আর সে যদি বলে, اللَّهُمَّ إِنِّي عَبْدُكَ ابْنُ عَبْدِكَ ابْنُ أَمَتِكَ نَاصِيَتِي بِيَدِكَ مَاضٍ فِيَّ حُكْمُكَ عَدْلٌ فِيَّ قَضَاؤُكَ أَسْأَلُكَ بِكُلِّ اسْمٍ هُوَ لَكَ سَمَّيْتَ بِهِ نَفْسَكَ أَوْ أَنْزَلْتَهُ فِي كِتَابِكَ أَوْ عَلَّمْتَهُ أَحَدًا مِنْ خَلْقِكَ أَوِ اسْتَأْثَرْتَ بِهِ فِي عِلْمِ الْغَيْبِ عِنْدَكَ أَنْ تَجْعَلَ الْقُرْآنَ رَبِيعَ قَلْبِي وَنُورَ

بَصَرِي وَجِلَاءَ حُزْنِي وَذَهَابَ هَمِّي (হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার বান্দা, আপনার বান্দার ছেলে, আপনার বান্দীর ছেলে, আমার ললাট আপনার হাতে, আমার ব্যাপারে আপনার ফায়সালা চলমান, আমার ব্যাপারে আপনার ফায়সালা ন্যায়সঙ্গত, আমি আপনার কাছে প্রার্থনা করছি আপনার প্রতিটি নামের বদৌলতে, যে নামে আপনি নিজেকে নামকরণ করেছেন, অথবা যা আপনি আপনার কিতাবে অবতীর্ণ করেছেন, অথবা যা আপনি আপনার সৃষ্টিজীবের কাউকে শিক্ষা দিয়েছেন, অথবা যা আপনি ইলমুল গাইবে নিজের কাছে সংরক্ষন করে রেখেছেন- (আপনার এসকল নামের উসিলায় প্রার্থনা করছি যে), আপনি কুরআনকে আমার হৃদয়ের বসন্ত, আমার দৃষ্টির নূর, আমার দুঃখ-কষ্টের অপসারণকারী ও আমার দুশ্চিন্তার দূরকারী বানিয়ে দিবেন।) তবে আল্লাহ তার দুশ্চিন্তা দূর করে দিবেন এবং তার দুঃখ-কষ্টকে খুশি দ্বারা পরিবর্তন করে দিবেন।” সাহাবাগণ বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাদের কি তা শিক্ষা করা উচিৎ?” তিনি জবাবে বলেন, “হ্যাঁ, যে ব্যক্তি এগুলো শ্রবন করবে, তার জন্য উচিৎ হবে তা শিক্ষা করা।”[1]

## ফুটনোট

[1] মুসনাদু আবী ইয়ালা: ২/২৪৯; মুসনাদ আহমাদ: ১/৩৯১; তাবারানী আল কাবীর: ১০৩৫২; মুসনাদুল হারিস ইবনু আবী উসামাহ: ২৫১ পৃষ্ঠা।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৯৯ ।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89473

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন